

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হরিনাকুন্ড, ঝিনাইদহ
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

জরুরি

www.doict.harinakundu.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৪১৪.০০০.৩১.০০১.২০.৫

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭

২০ আগস্ট ২০২০

বিষয়: করোনা ভাইরাসের প্রদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০.৯৮৪ তারিখ: ০৩ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে করোনাভাইরাস মহামারির কারণে প্রায় চার মাস ধরে বাংলাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় দীর্ঘ দিন যাবৎ শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম ব্যবহার না করার কারণে ল্যাবগুলোতে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী যেমন: ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, প্রিন্টার, স্ক্যানার, রাউটার ইত্যাদি যন্ত্রাংশ সমূহের সঠিকভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছেনা। অনেক দিন ধরে চার্জ না দেয়ার ফলে সেগুলোর ক্ষতি হতে পারে বা নষ্ট হতে পারে।

এমতাবস্থায় করোনা কালীন শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

ক) প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপগুলো ৪০-৫০% চার্জ দিতে হবে।

খ) সম্ভব হলে চার্জ দেয়ার পরে ল্যাপটপগুলো ব্যবহার না করা হলে ব্যাটারীগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শুকনো জায়গায় সংরক্ষণ করতে হবে।

গ) ল্যাপটপ বা ডেস্কটপ এ ডকুমেন্টস বা ডাটা থাকলে তার ব্যাকআপ রাখতে হবে।

ঘ) ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হলে অবশ্যই তা ব্যবহার করা এবং উইন্ডোস, এন্টিভাইরাস, ম্যালওয়্যার ইত্যাদি গুরুত্বপূর্ণ সফটওয়্যার আপডেট রাখতে হবে।

ঙ) কম্পিউটার ল্যাব এবং যন্ত্রাংশসমূহ সব নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

চ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিজস্ব উদ্যোগে কম্পিউটার ল্যাবগুলো ব্যবহার করে অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০-৮-২০২০

মো: ওয়াশিকুর রহমান

সহকারী প্রোগ্রামার

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,


স্মারক নম্বর: ৫৬.০৪.৪৪১৪.০০০.৩১.০০১.২০.৫/১(৪)

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭

২০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিনাকুন্ড, ঝিনাইদহ
- ৪) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ



২০-৮-২০২০

মো: ওয়াশিকুর রহমান

সহকারী প্রোগ্রামার